দৈনিক ইত্তেফাক

তারিখ 09 NOV 1991
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা ভার্সিটির ভিসি'র সহিত ছাত্র নেতৃবৃন্দের বৈঠক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় জাতীয়তাবাদী

(২য় পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ছাত্র নেতৃবৃন্দের বৈঠক

( ১ম পৃঃ পর )

ছাত্রদল ও ছাত্রলীগ (আ-অ)-এর নেতৃবৃন্দের সাথে বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক পরিস্থিতি নিয়া আলোচনা করা হয়। এই সভায় বিশেষ করিয়া আসন্ন পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের বিষয়টি গুরুত্ব লাভ করে বলিয়া বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান হইয়াছে।

বৃহস্পতিবার অনুষ্ঠিত এ সভায় ছাত্রলীগের অসীম কুমার উকিল, ম, জাহাঙ্গীর সাত্তার টিংকু, গোলাম মোস্তফা সুজন, কামরুজ্জামান আনসারী এবং ছাত্রদলের খায়রুল কবির খোকন, নাজিম উদ্দিন আলম ও আলী আক্কাস নাদিম উপস্থিত ছিলেন।

শিক্ষকদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর শাহজাহান মিনা, স্যার এ, এফ, রহমান হলের প্রভোষ্ট ডঃ হারুনর রশিদ ও সহকারী প্রক্টর ডঃ আহমদ জামাল উপস্থিত ছিলেন। আলোচনায় ছাত্র নেতৃবৃন্দ এইমর্মে ঐক্যমতে পৌঁছান যে, আগামী সপ্তাহ হইতে ঘোষিত পরীক্ষাসমূহ সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হওয়া ছাত্র-ছাত্রীদের স্বার্থে একান্ত বাঞ্ছনীয়। পরীক্ষা কয়েকবার পিছানোর ফলে ছাত্র-ছাত্রীরা হতাশা ও অনিশ্চয়তায় ভুগিতেছেন।

উভয় সংগঠনের নেতাগণ সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের স্বার্থে বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক পরিবেশ যাহাতে অনুকূল থাকে এ বিষয়ে সচেষ্ট ও সতর্ক থাকার জন্য স্ব স্ব সংগঠনের কর্মীদের পরামর্শ দিবেন বলিয়া ভাইস চ্যান্সেলরকে আশ্বস্ত করিয়াছেন। একই সময়ে তাঁহারা ক্যাম্পাসের নিরাপত্তা বিধানের জন্য পুলিশী ব্যবস্থা জোরদার করার বিষয়েও ভাইস চ্যান্সেলরকে অনুরোধ জানাইয়াছেন।